৫২

দৈনিক সংবাদ

তারিখ 07 AUG 1995
পৃষ্ঠা ৯ কলাম ৭

# জয়পুরহাট ঃ ৯শ' ২০টি গ্রামের মধ্যে ৬শ' ২১টি গ্রামে বিদ্যালয় নেই

আক্কেলপুর (জয়পুরহাট), ৬ই আগস্ট (নিজস্ব সংবাদদাতা) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উদাসীনতা, অবহেলা ও বিভিন্ন কারণে জয়পুরহাট জেলার প্রাথমিক শিক্ষা বিঘ্নিত হচ্ছে। জেলার ৫টি থানায় অনেক গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে হাজার হাজার শিশু প্রথমিক শিক্ষার আলো থেকে বঞ্চিত। দু'হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা কর্মসূচী সারা দেশের ন্যায় জয়পুরহাট জেলায়ও ভেস্তে যাবার উপক্রম হয়েছে। এক তথ্যে জানা গেছে; জয়পুরহাট জেলার ৫টি থানার ৯শ' ২০টি গ্রামের মধ্যে ৬শ' ২১টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে কর্তৃপক্ষের উদাসীনতার কারণে জয়পুরহাট জেলায় ১৩ হাজার ৬শ' ৭২ জন শিশু স্কুল গমনোপযোগী হয়েও শিক্ষার আলো থেকে বঞ্চিত। অনেকেই শিশুশ্রমের সাথে নিয়োজিত হয়েছে।

জয়পুরহাট জেলা প্রাথমিক কার্যালয় সূত্রে জানা গেছেঃ জয়পুরহাট জেলা সদর, আক্কেলপুর, পাঁচবিবি, কালাই ও ক্ষেতলাল থানায় ৬ থেকে ১০ বছর বয়সের স্কুল গমনোপযোগী ছাত্রছাত্রীর সংখ্যা রয়েছে ১ লাখ ২২ হাজার ২শ' ৬২ জন, তার মধ্যে বালক ৬৩ হাজার ৩শ' ২৯ এবং বালিকা ৫৮ হাজার ৯শ' ৩৩ জন। এর মধ্যে স্কুলে ভর্তি হয়েছে ১ লাখ ৮ হাজার ৫শ' ৯০ জন। তার মধ্যে বালকের সংখ্যা ৫৬ হাজার ৭শ' ৭৯ জন এবং বালিকা ৫২ হাজার ৫শ' ১১জন।

জয়পুরহাট জেলায় প্রাথমিক সরকারি বিদ্যালয়ের সংখ্যা ২শ' ৬৩টি, বেসকারি রেজিস্টারভুক্ত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৬৩টি আর অরেজিস্টিভুক্ত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ২৮টি, এবতেদারী মাদ্রাসার সংখ্যা ৯৬টি যা বেসরকারিভাবে পরিচালিত।

জয়পুরহাট জেলায় ১ হাজার ৬০ জন প্রাথমিক শিক্ষক রয়েছেন। তার মধ্যে পুরুষের সংখ্যা ৮শ' ১৩ জন এবং মহিলা শিক্ষয়িত্রীর সংখ্যা ২শ' ৪৭ জন। জেলায় এখনও ৩০টি শিক্ষকের পদ শূন্য রয়েছে বলে জানা গেছে। সরকারি নিয়মানুযায়ী ২ কিঃ মিঃ পর প্রাথমিক বিদ্যালয় থাকার কথা। কিন্তু বিভিন্ন কারণে জেলার বিভিন্ন স্থানে প্রাথমিক বিদ্যালয় থাকা একান্ত আবশ্যক হওয়া সত্ত্বেও অধিকাংশ এলাকায় প্রাথমিক বিদ্যালয় নেই।